# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২. যিনি হাদীস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرٍو، عَنْ يَحْيَى بْنِ جَعْدَةَ، قَالَ أُتِيَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكَتِفٍ فِيهِ كِتَابٌ، فَقَالَ: " كَفَى بِقَوْمٍ ضَلَالًا، أَنْ يَرْغَبُوا عَمَّا جَاءَ بِهِ نَبِيُّهُمْ، إِلَى مَا جَاءَ بِهِ نَبِيٌّ غَيْرُ نَبِيِّهِمْ، أَوْ كِتَابٌ غَيْرُ كِتَابِهِمْ، فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (أَوَلَمْ يَكْفِهِمْ أَنَّا أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتَابَ يُتْلَى عَلَيْهِمْ إِنَّ فِي ذَلِكَ لَرَحْمَةً وَذِكْرَى لِقَوْمٍ يُؤْمِنُونَ) [العنكبوت: 51] " الْآيَةَ

إسناده صحيح وهو مرسل

বাংলা

৪৯৫. ইয়াহইয়া ইবনু জা’দাহ বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট একটি কিতাব কাঁধে বহন করে নিয়ে আসা হলো। তখন তিনি বললেন: কোন ক্বওমের পথভ্রষ্ট হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, তাদের নবী যে সকল বিষয়সমূহ নিয়ে এসেছেন, তা বর্জন করে তাদের নবী ব্যতীত অন্য নবী যা নিয়ে এসেছিলেন, তারা সেই সকল বিষয়সমূহের প্রতি মনোযোগী/আগ্রহী হবে কিংবা তাদের (নবী কর্তৃক আনীত) কিতাবকে বাদ অন্য কিতাবের প্রতি মনোযোগী/আগ্রহী হবে। তারপর আল্লাহ আযযা ওয়া জাল্লা নাযিল করলেন: “তাদের জন্য কি এটাই যথেষ্ট নয় যে, আমি আপনার উপর কিতাব নাযিল করেছি যা তাদের নিকট পাঠ করা হচ্ছে? নিশ্চয় যারা ঈমান এনেছে, সেই সকল লোকদের জন্য এতে রহমত ও উপদেশ রয়েছে ।”- (সূরা আনকাবুত: ৫১)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। কিন্তু এটি মুরসাল।

তাখরীজ: আবু দাউদ, মারাসিল নং ৪৫৪; ইবনু জারীর তাবারী, আত তাফসীর ২১/৭ যয়ীফ সনদে...।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন